দৈনিক খবর

২৬

তারিখ .. 01 JUN 1993 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম .. ৭ ...

১৮

## সরকার শিক্ষার প্রসারে যুগান্তকারী কর্মসূচী নিয়েছে ঃ ইউনুস খান

শিক্ষা প্রতিমন্ত্রী অধ্যক্ষ মোঃ ইউনুস খান বলেন, বর্তমান গণতান্ত্রিক সরকার শিক্ষার প্রসার ও উন্নয়নের লক্ষ্যে যুগান্তকারী কর্মসূচী হাতে নিয়েছে। শিক্ষা প্রতিমন্ত্রী গত রোববার ঢাকায় শিক্ষা সপ্তাহ, ১৯৯৩-এর ঢাকা বিভাগীয় প্রতিযোগিতার সনদ ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন। অনুষ্ঠানে ঢাকা বিভাগীয় কমিশনার বদিউর রহমান ও ঢাকা বিভাগের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের উপ-পরিচালক আফরোজা বেগম বক্তৃতা করেন।

শিক্ষা প্রতিমন্ত্রী বলেন, সরকার আগামী দু'হাজার সাল নাগাদ দেশ থেকে নিরক্ষরতা দূর করার লক্ষ্যে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা ও গণশিক্ষা কর্মসূচী বাস্তবায়ন করছে। তিনি বলেন, সরকার দুঃস্থ ও কম সুবিধাভোগী শিশুদেরকে মৌলিক শিক্ষাদানের লক্ষ্যে শিক্ষার জন্য খাদ্য কর্মসূচী গ্রহণ করছে। তিনি সরকারের শিক্ষা কর্মসূচীতে সাধ্যমত অবদান রাখার জন্য ছাত্র, শিক্ষক ও অভিভাবকদের প্রতি আহবান জানান।

১